অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/22/2022 **গভর্নর ক্যাথি হোকল**

অফিস অব রিনিউয়েবল এনার্জি সাইটিং দুইটি বৃহৎ সৌর বিদ্যুৎ কেন্দ্র অনুমোদন করেছে বলে গভর্নর হোকলের ঘোষণা

সম্মিলিতভাবে 320 মেগাওয়াট সৌর বিদ্যুৎ স্থানীয় অর্থনীতিতে 54 মিলিয়ন ডলারেরও বেশি অর্থ নিয়ে আসবে

2021 সাল থেকে সাততি বড়-মাপের নবায়নযোগ্য বিদ্যুৎ প্রকল্প অনুমোদিত হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট অফিস অব রিনিউয়েবল এনার্জি (New York State Office of Renewable Energy) বোরালেক্স-(Boralex)-এর গ্রিন্স কর্নার্স সোলার, LLC (Greens Corners Solar, LLC) এবং কমিউনিটি এনার্জি (Community Energy)-এর হেমলক রিজ সোলার, LLC (Hemlock Ridge Solar, LLC)-কে দুইটি বৃহৎ সৌর বিদ্যুৎ কেন্দ্র উন্নয়ন, নকশা প্রণয়ন, নির্মাণ, পরিচালনা, রক্ষণাবেক্ষণ, এবং ডিকমিশন করার জন্য সাইটিং অনুমতি প্রদান করেছে। এসব প্রকল্প নিউ ইয়র্কের বাড়িগুলোতে সম্মিলিতভাবে 320 মেগাওয়াট নির্মল বিদ্যুৎ নিয়ে আসবে এবং স্থানীয় অর্থনীতিতে 54 মিলিয়ন ডলারেরও বেশি অর্থ নিয়ে আসবে।

"আমার প্রশাসন গত বছর থেকে আমাদের নবায়নযোগ্য বিদ্যুৎ উন্নয়ন কার্যক্রম উল্লেখযোগ্যভাবে ত্বরান্বিত করেছে, এবং আজ আমরা জলবায়ু পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে নিজেদের নেতৃস্থানীয় অবস্থান আরো সুদৃঢ় করছি," **বলেছেন গভর্নর হোকল।** "আমরা স্টেটজুড়ে সবুজ বিদ্যুৎ উন্নয়নের জন্য আমাদের অঙ্গীকারাবদ্ধতা পূরণ করা অব্যাহত রাখবো, এবং এসব প্রকল্প আমাদেরকে আমাদের উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্যসমূহ অতিক্রম করার, ভালো বেতনের সবুজ কর্মসংস্থান তৈরি করার, এবং ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য একটি নির্মল, স্বাস্থ্যকর নিউ ইয়র্ক তৈরি করার কাছাকাছি নিয়ে যাচ্ছে।"

আজকের ঘোষণার মধ্য দিয়ে, নিউ ইয়র্ক স্টেট অফিস অব রিনিউয়েবল এনার্জি (ORES) 2021 সাল থেকে এখন পর্যন্ত সাততি পারমিট ইস্যু করেছে, যার মধ্যে বেশিরভাগ সিদ্ধান্ত আবেদন সম্পন্ন হয়েছে বিবেচনা করার ছয় মাসের মধ্যে এসেছে। প্রস্তাবিত ফ্যাসিলিটিগুলো যাতে নির্বাহী আইনের ধারা 94-c এবং এটির প্রযোজ্য বিধিমালা একটি সময়ানুগ ও ব্যয়-সাশ্রয়ী উপায়ে মেনে চলে বা অতিক্রম করে সে বিষয়টি নিশ্চিত করতে এই দুইটি ফ্যাসিলিটির জন্য ORES-এর এই

সিদ্ধান্ত জনসাধারণের অংশগ্রহণের একটি শক্তিশালী প্রক্রিয়ার মধ্য দিয়ে একটি বিস্তারিত ও স্বচ্ছ পর্যালোচনা সম্পন্ন করার পরে প্রদান করা হয়েছে।

গ্রিন্স কর্নার্স (Greens Corners) হচ্ছে জেফারসন কাউন্টির হাউন্সফিল্ড টাউন এবং ওয়াটারটাউনে অবস্থিত 120 মেগাওয়াট (MW) উৎপাদন ক্ষমতার একটি সৌর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র। হেমলক রিজ (Hemlock Ridge) হচ্ছে অরলিয়েন্স কাউন্টির ব্যারে ও শেলবি টাউনে অবস্থিত 200 MW উৎপাদন ক্ষমতাবিশিষ্ট একটি সৌর বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র। একসঙ্গে, এসব সৌর বিদ্যুৎ কেন্দ্র কমপক্ষে 20 বছর ধরে নিউ ইয়র্কের 62,000 বাড়িতে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার মতো যথেষ্ট পরিমাণে নির্মল বিদ্যুৎ উৎপাদন করবে এবং বার্ষিক কার্বন নির্গমনের পরিমাণ 476,000 মেট্রিক টনেরও বেশি কমিয়ে আনবে বলে প্রত্যাশা করা হচ্ছে। এসব প্রকল্প এবং অনুমতিপ্রাপ্ত এবং বর্তমানে ORES-এর পর্যালোচনার অধীন অন্যান্য বৃহৎ নবায়নযোগ্য বিদ্যুৎ কেন্দ্র জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াই করার জন্য জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের (CLCPA) কার্বন নির্গমন কমিয়ে আনা ও নির্মল বিদ্যুৎ উৎপাদনের আগ্রাসী লক্ষ্যসমূহ পূরণের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

অফিস অব রিনিউয়েবল এনার্জি সাইটিং-এর এক্সিকিউটিভ ডিরেক্টর হাউটন মোয়াভেনি বলেন, "ORES নিউ ইয়র্কের উচ্চাকাঙ্ক্ষী ও দেশের নেতৃস্থানীয় জ্বালানি লক্ষ্যসমুহ পূরণের পথে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে বাস্তব ফলাফল বয়ে আনা অব্যাহত রেখেছে। ORES সকল বৃহৎ নবায়নযোগ্য বিদ্যুৎ কেন্দ্র উন্নয়নের পুরো প্রক্রিয়াজুড়ে স্থানীয় সরকার এবং কমিউনিটি স্টেকহোল্ডারদের সঙ্গে কাজ করে যাওয়ার ব্যাপারে এটির অঙ্গীকারাবদ্ধতায় অবিচল রয়েছে যাতে সেগুলো এমনভাবে সামনে এগিয়ে যাওয়া নিশ্চিত করা যায় যা পরিবেশকে সুরক্ষিত রাখবে এবং প্রাসঙ্গিক সকল সামাজিক, অর্থনৈতিক, ও পরিবেশগত বিষয়কে বিবেচনায় রাখবে।"

এসব সৌর বিদ্যুৎ কেন্দ্র কাউন্টি, টাউন, ও স্কুল ডিস্ট্রিক্টগুলোকে অধিবাসীদের জন্য অবকাঠামো, বাড়তি পরিষেবা, ও সংস্থানসমূহে বিনিয়োগ করার জন্য পেমেন্ট ইন লিউ অব ট্যাক্সেস (PILOT) হিসেবে নতুন রাজস্ব প্রদান করবে বলে প্রত্যাশা করা হচ্ছে। এসব প্রকল্প 54 মিলিয়ন ডলারেরও বেশি বেসরকারি বিনিয়োগ বৃদ্ধি করবে এবং 400টিরও বেশি স্বল্প- ও দীর্ঘমেয়াদী কর্মসংস্থান তৈরি করবে।

অফিসের ওয়েবসাইটে https://ores.ny.gov/permit-applications ঠিকানায় গিয়ে আজকের সিদ্ধান্তগুলো পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের (New York State Energy Research and Development Authority) প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "স্টেটের বৈদ্যুতিক গ্রিড রূপান্তর করার জন্য আমাদের সমন্বিত প্রচেষ্টার অংশ হিসেবে নিউ ইয়র্ক বৃহৎ-পরিসরের নবায়নযোগ্য বিদ্যুৎ প্রকল্পগুলো উন্নয়নের কাজ দ্রুত এগিয়ে নিয়ে যাচ্ছে। এই দুইটি প্রকল্প - গ্রিন্স কর্নার্স সোলার এবং হেমলক রিজ সোলার - অনুমোদিত হওয়া সেগুলোর বাণিজ্যিক কার্যক্রম শুরু হওয়ার দিকে এগিয়ে যাওয়ার পথে একটি বৃহৎ মাইলফলক এবং স্টেটের নির্মল বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যসমূহ অর্জনে সহায়তা করতে এসব প্রকল্প দায়িত্বপূর্ণ

ব্যবস্থাপনার মধ্য দিয়ে স্থাপন করার জন্য প্রকল্পের ডেভেলপার, স্থানীয় হোস্ট সরকার, এবং কমিউনিটি স্টেকহোল্ডারদের মধ্যকার উৎপাদনমুখী সম্পৃক্ততার প্রমাণ তুলে ধরছে।"

নিউ ইয়র্ক স্টেটের পরিবেশ সংরক্ষণ বিভাগের (Department of Environmental Conservation) কমিশনার বাসিল সেগোস বলেন, "নবায়নযোগ্য বিদ্যুৎ উৎপাদনকারী প্রকল্পগুলো নিউ ইয়র্কের উচ্চাকাঙ্ক্ষী, দেশের নেতৃস্থানীয় জ্বালানি লক্ষ্যসমূহ এবং গ্রিনহাউজ গ্যাস নির্গমন কমানোর লক্ষ্যমাত্রা অর্জনের প্রচেষ্টাকে এগিয়ে নিয়ে যাচ্ছে। স্টেটের আরো বেশি সৌর ও নির্মল বিদ্যুৎ উৎপাদন কার্যক্রমের দিকে উত্তরণের পথে এগিয়ে যাওয়ার এই সময়ে আমরা গ্রিনহাউস গ্যাস নির্গমন উল্লেখযোগ্য পরিমাণে কমিয়ে আনছি যা জনস্বাস্থ্য উন্নত করবে, আমাদের পরিবেশকে সুরক্ষিত রাখবে, এবং সব কমিউনিটির জন্য আরো বেশি টেকসই একটি ভবিষ্যত গড়ে তোলার কাজ এগিয়ে নেবে।"

নিউ ইয়র্ক স্টেটের শ্রম বিভাগের (Department of Labor) কমিশনার রবার্টা রিয়ারডন বলেন, "এধরনের নবায়নযোগ্য প্রকল্পগুলো স্টেটের সাহসী নির্মল বিদ্যুৎ ও জলবায়ু এজেন্ডা অর্জনের ক্ষেত্রে অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। এই আকারের সোলার ফার্মগুলো হাজার হাজার বাড়িতে বিদ্যুৎ পৌঁছে দেওয়ার মতো যথেষ্ট বিদ্যুৎ উৎপাদন করে এবং একইসাথে আমাদের স্থানীয় অর্থনীতিগুলোতে নতুন প্রাণের সঞ্চার করে। ক্লাইমেট অ্যাকশন কাউন্সিলের (Climate Action Council) একজন সদস্য হিসেবে, আমি এসব প্রকল্প বাস্তবায়নকারীদেরকে অভিনন্দন জানাই এবং সম্পন্ন হওয়া পণ্য দেখতে পাওয়ার প্রত্যাশা রাখি।"

নিউ ইয়র্ক লিগ অব কনজারভেটিভ ভোটার্স (New York League of Conservative Voters) এর প্রেসিডেন্ট, জুলি তিঘে বলেন, "আরো 2,000 মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের জন্য বৃহৎ-পরিসরের নবায়নযোগ্য বিদ্যুৎ প্রকল্পগুলোর জন্য গভর্নর হোকলের পরবর্তী সলিসিটেশন ঘোষণা করার মাত্র একদিন পরেই অফিস অব রিনিউয়েবল এনার্জি গ্রিন্স কর্নার্স সোলার এবং হেমলক রিজ সোলারকে অ্যাকসিলারেটেড রিনিউয়েবল এনার্জি সাইটিং এন্ড কমিউনিটি বেনিফিট অ্যাক্ট (Accelerated Renewable Energy Siting and Community Benefits Act)-এর অধীনে নতুন দুইটি বড় আকারের সৌর বিদ্যুৎ কেন্দ্র স্থাপনের জন্য অনুমতি প্রদান করেছে দেখে নিউ ইয়র্ক লিগ অব কনজারভেটিভ ভোটার্স রোমাঞ্চিত। আমরা নিউ ইয়র্ককে প্রতিশ্রুতি থেকে প্রকল্প পর্যন্ত নিয়ে যাওয়ার জন্য গভর্নরকে এবং ORES-কে তাদের দ্রুত, কিন্তু সিদ্ধান্তমূলক, পর্যালোচনা প্রক্রিয়া সম্পন্ন করার জন্য সাধুবাদ জানাই - তারা বুঝতে পেরেছেন যে জলবায়ু পরিবর্তন যে জরুরি পরিস্থিতি তৈরি করেছে এই সময়ে পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে অবশ্যই আমাদের কমিউনিটিগুলোর প্রাপ্য সেবার বিষয়টি বিবেচনায় রাখতে হবে।"

অ্যালায়েন্স ফর ক্লিন এনার্জি নিউ ইয়র্ক (Alliance for Clean Energy New York)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর অ্যান রেনোল্ডস বলেন, "আমাদের জলবায়ু লক্ষ্যগুলো আমাদের নির্মাণকাজের লক্ষ্য হয়ে উঠেছে, বিশেষ করে বায়ু ও সৌর বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের ক্ষেত্রে। এটি একটি সুখবর যে অফিস অব রিনিউয়েবল এনার্জি সাইটিং এটির গ্রহণ করা পারমিট আবেদনগুলো নিয়ে ক্রমশ কাজ করে যাচ্ছে এবং দুইটি নতুন সৌর প্রকল্প সফলভাবে অনুমতি লাভ করেছে। এসব প্রকল্প সেগুলোর হোস্ট কমিউনিটিকে নির্মল বিদ্যুৎ ও নির্মাণকাজের কর্মসংস্থান প্রদান করার পাশাপাশি কর রাজস্ব প্রদান করবে।"

নিউ ইয়র্কের দেশের শীর্ষস্থানীয় নবায়নযোগ্য জ্বালানী উদ্যোগ

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। এটি রাজ্য জুড়ে 120টি বড় আকারের পুনর্নবীকরণযোগ্য এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলিতে 35 বিলিয়ন ডলারের বেশি বিনিয়োগের উপর ভিত্তি করে গড়ে তোলে, যার মধ্যে আছে ভবনগুলির নির্গমন কমাতে 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি বাড়াতে 1.8 বিলিয়ন ডলার, পরিচ্ছন্ন পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাঙ্কের (NY Green Bank) প্রতিশ্রুতিতে 1.6 বিলিয়ন ডলারেরও বেশি সহ পরিচ্ছন্ন শক্তি বাড়াতে নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগ। সম্মিলিতভাবে, এই বিনিয়োগগুলি 2020 সালে নিউইয়র্কের নির্মল জ্বালানি খাতে 158,000 এরও বেশি চাকরি, 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 2,100 শতাংশ প্রবৃদ্ধি এবং 2035 সালের মধ্যে 9,000 মেগাওয়াট অফশোর বায়ুশক্তি গড়ে তোলার প্রতিশ্রুতিকে সমর্থন করে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

ORES সম্পর্কে

অফিস অব রিনিউয়েবল এনার্জি সাইটিং বা ORES হচ্ছে এককভাবে নবায়নযোগ্য বিদ্যুৎ কেন্দ্রগুলোর পরিবেশগতভাবে দায়বদ্ধতাপূর্ণ ও ব্যয়-সাশ্রয়ী সাইটিং সম্পন্ন করার জন্য নিবেদিত এই ধরনের প্রথম স্টেট সংস্থা এবং এটি 2020 সালের এপ্রিল মাসে অ্যাকসিলারেটেড রিনিউয়েবল এনার্জি সাইটিং এন্ড কমিউনিটি বেনিফিট অ্যাক্ট দ্বারা প্রতিষ্ঠিত হয়। অফিস পরিবেশগত পর্যালোচনা এবং প্রধান নবায়নযোগ্য জ্বালানি সুবিধার অনুমতি একত্রিত করে যাতে নিশ্চিত করা যায় যে স্থাপনার সিদ্ধান্তগুলি অনুমানযোগ্য, দায়িত্বশীল এবং স্থানীয় সরকার এবং আয়োজক সম্প্রদায়ের ইনপুট সহ সময়মতো করা হয়। 3 মার্চ, 2021 তারিখে অফিস এই আইন বাস্তবায়নের জন্য অভিন্ন মান ও শর্তাবলীর একটি সেটসহ সার্বিক বিধিমালা গ্রহণ করে। জলবায়ু নেতৃত্ব ও কমিউনিটি সুরক্ষা আইনের মাধ্যমে আইনে অন্তর্ভুক্ত করা নিউ ইয়র্কের দেশের নেতৃস্থানীয় জলবায়ু পরিকল্পনার আবশ্যিকতা অনুযায়ী নিউ ইয়র্ককে 2030 সালের মধ্যে স্টেটের 70 শতাংশ বিদ্যুৎ নবায়নযোগ্য উৎস থেকে সংগ্রহ করতে সক্ষম করে তোলার জন্য এই অফিস

তৈরি করা হয়েছে। ORES সম্বন্ধে আরো তথ্যের জন্য অনুগ্রহ করে www.ores.ny.gov ভিজিট করুন।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418